



Australian Government

Department of Home Affairs

টিকা গ্রহণের জন্য যা যা প্রয়োজন

আপনার ভ্রমণ বুক করার পূর্বে আপনি আন্তর্জাতিক ভ্রমণের জন্য অস্ট্রেলিয়ার টিকা গ্রহণের শর্তাবলী পূরণ করেছেন কিনা তা পরীক্ষা করুন।

এটি অস্ট্রেলিয়ায় প্রবেশে আপনার যোগ্যতায় এবং পৌঁছানোর পর আপনাকে কোয়ারেন্টিনে থাকার প্রয়োজন হবে কিনা সেই বিষয়ের উপরে প্রভাব ফেলতে পারে।

আপনি যদি একজন অস্ট্রেলিয়ান নাগরিক বা স্থায়ী বাসিন্দা হন তাহলে এটি আপনার অস্ট্রেলিয়া ছেড়ে যাওয়ার যোগ্যতাকেও প্রভাবিত করবে।

অস্ট্রেলিয়ার টিকা গ্রহণের শর্তাবলী পূরণ করা

অস্ট্রেলিয়ার টিকা গ্রহণের শর্তাবলী পূরণ করতে এবং অস্ট্রেলিয়ার সীমান্ত ব্যবস্থার উদ্দেশ্যে একজন 'সম্পূর্ণ টিকাপ্রাপ্ত' ভ্রমণকারী হিসেবে বিবেচিত হতে, আপনাকে নিম্নলিখিত প্রমাণগুলো দিতে হবে যে আপনি:

- [আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত](#) হওয়ার অস্ট্রেলিয়ার শর্ত পূরণ করেন
- একজন [12 বছরের কম বয়সী শিশু](#)
- একজন [12 থেকে 17 বছর বয়সের শিশু যিনি অন্তত একজন সম্পূর্ণ টিকাপ্রাপ্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তির সাথে ভ্রমণ করবেন; অথবা](#)
- [স্বাস্থ্যগত কারণে আপনি টিকা গ্রহণে সক্ষম না হন।](#)

আপনি যদি উপরের যেকোনো একটি ক্যাটাগরি পূরণ করেন তাহলে আপনাকে অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য টিকাপ্রাপ্ত ভ্রমণকারীদের পদক্ষেপগুলো অনুসরণ করতে হবে।

আপনি যদি উপরের যেকোনো একটি ক্যাটাগরি পূরণ না করেন তাহলে আপনাকে অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য টিকা গ্রহণ না করা ভ্রমণকারীদের পদক্ষেপগুলো অনুসরণ করতে হবে।

ভিসা রয়েছে অস্ট্রেলিয়ায় আসা এমন ব্যক্তিদের ভিসা বাতিল করা হতে পারে এবং আটক করে অপসারণ করা হতে পারে যদি তারা:

- অস্ট্রেলিয়ার সীমান্তে প্রবেশের শর্তাবলী অনুযায়ী আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত না হয়; বা
- অস্ট্রেলিয়ান সরকার কর্তৃক সংজ্ঞায়িত কোনো COVID-19 ভ্যাকসিনের বিপরীতে কোনো প্রতিলক্ষণ (Contraindication) না থাকে; বা
- কোনো অব্যাহতিপ্রাপ্ত শ্রেণির মধ্যে না পড়ে বা কোনো ব্যক্তিগত ভ্রমণ অব্যাহতি থাকে।

আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত

আপনি যদি [থেরাপিউটিক গুডস অ্যাডমিনিস্ট্রেশন \(TGA\)](#) কর্তৃক অনুমোদিত বা স্বীকৃত ভ্যাকসিনের কোনো প্রাথমিক কোর্স সম্পন্ন করে থাকেন তাহলে অস্ট্রেলিয়ায় প্রবেশ ও অস্ট্রেলিয়া ত্যাগ করার উদ্দেশ্যে আপনি সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত বলে বিবেচনা করা হবে। এর মধ্যে মিশ্র ডোজ রয়েছে।

আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে [বর্তমানে অনুমোদিত বা স্বীকৃত ভ্যাকসিন ও ডোজ](#) হচ্ছে:

- কমপক্ষে 14 দিনের ব্যবধানে নিম্নলিখিত টিকাগুলোর দুটি ডোজ:
 - অ্যাস্ট্রাজেনেকা ভ্যাক্সেরিয়া
 - অ্যাস্ট্রাজেনেকা কোভিশিল্ড
 - ফাইজার/বায়োটেক কমিনোর্টি
 - মডার্না স্পাইকভ্যাক্স বা টাকেডা
 - সিনোভ্যাক করোনাভ্যাক
 - ভারত বায়োটেক কোভ্যাক্সিন
 - সিনোফার্ম BBIBP-CorV অস্ট্রেলিয়ায় প্রবেশের সময় 60 বছরের কম বয়সী লোকদের জন্য
 - গামালেয়া রিসার্চ ইনস্টিটিউট স্পুটনিক ভি
 - নোভাভ্যাক্স/বায়োসেলেস্ট নুভ্যাক্সোভিড

অথবা

- নিম্নলিখিত টিকাগুলোর একটি ডোজ:
 - জনসন অ্যান্ড জনসন/ জ্যানসেন-সিল্যাগ কোভিড ভ্যাকসিন।

এবং টিকার কোর্সে টিকার চূড়ান্ত ডোজ দেওয়ার পর থেকে কমপক্ষে 7 দিন অতিক্রান্ত হয়েছে।

আন্তর্জাতিক ভ্রমণের জন্য মিশ্র ডোজগুলো সম্পূর্ণভাবে টিকাপ্রাপ্ত হিসেবে বিবেচিত হবে, যদি সকল টিকা TGA কর্তৃক অনুমোদিত বা স্বীকৃত হয়। [TGA](#) অন্যান্য কোভিড-19 ভ্যাকসিনগুলো মূল্যায়ন করছে, যেগুলোকে ভবিষ্যতে অস্ট্রেলিয়ায় আগমনকারী ভ্রমণের উদ্দেশ্যে স্বীকৃতি দেওয়া হতে পারে।

অস্ট্রেলিয়ান ভিসাধারী, বৈধ ভিসা নেই এমন অ-নাগরিক (Non-citizen) এবং ইমিগ্রেশন ডিটেনশন ফ্যাসিলিটিতে বসবাসকারী ব্যক্তিরাসহ অস্ট্রেলিয়ার প্রত্যেকে বিনামূল্যে একটি COVID-19 ভ্যাকসিন পেতে পারেন।

আপনার টিকাপ্রাপ্তির প্রমাণ দেয়া

এয়ারলাইনের কর্মীদের কাছে আপনার প্রমাণ দেখাতে হবে যে আপনি আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে অস্ট্রেলিয়ার টিকা গ্রহণের শর্তাবলী পূরণ করেছেন।

আপনি [ডিজিটাল যাত্রী ঘোষণা](#) সম্পূর্ণ করার সময় আপলোড করে অস্ট্রেলিয়ায় প্রবেশের আগেও আপনাকে এই প্রমাণ সরবরাহ করতে বলা হবে।

আপনি যদি কোনো অস্ট্রেলিয়ান নাগরিক বা স্থায়ী বাসিন্দা হন তাহলে অস্ট্রেলিয়া ত্যাগ করার পূর্বেও এয়ারলাইনের কর্মীদের কাছে আপনাকে প্রমাণ দেখাতে হবে।

আপনি যদি অস্ট্রেলিয়ায় টিকা গ্রহণ করে থাকেন, তবে আপনাকে এয়ারলাইন কর্মীদেরকে আপনার [আন্তর্জাতিক COVID-19 টিকাগ্রহণ সনদপত্র \(ICVC\)](#) দেখাতে হবে। আপনি [Express Plus Medicare অ্যাপ](#) বা [myGov](#)-এর মাধ্যমে আপনার মেডিকেলর অনলাইন অ্যাকাউন্ট ব্যবহার করে আপনার ICVC ডাউনলোড করতে পারেন। প্রিন্ট করার জন্য বা আপনার ফোনে ইলেকট্রনিক উপায়ে রাখার জন্য, ICVC PDF ফরম্যাটে প্রদান করা হয়। আপনি যখন আপনার ফ্লাইটে চেক-ইন করবেন তখন এয়ারলাইন্স এটি দেখাতে বলবে।

আপনি যদি বিদেশে টিকা গ্রহণ করে থাকেন এবং কোনো ICVC না থাকে তাহলে এয়ারলাইনের কর্মীদের কাছে আপনাকে আপনার [বিদেশে টিকা গ্রহণের সনদপত্র](#) দেখাতে হবে।

আপনি যদি বিদেশে টিকা দিয়ে থাকেন এবং ICVC পেতে চান তাহলে আপনি [অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে \(AIR\)](#) আপনার বিদেশী টিকা যোগ করতে পারেন। এটি করার পরে আপনি একটি ICVC-এর জন্য আবেদন করতে পারবেন।

মনে রাখবেন যে আপনার কোনো টিকা গ্রহণের সনদপত্র থাকা মানেই **এই নয়** যে অস্ট্রেলিয়ার আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে আপনি একজন সম্পূর্ণ টিকাপ্রাপ্ত ভ্রমণকারী। উদাহরণস্বরূপ, আপনার টিকা গ্রহণের সনদপত্রে উল্লেখ থাকতে পারে যে, আপনি দুই-ডোজের ভ্যাকসিনের মধ্যে মাত্র একটি ডোজ নিয়েছেন। আপনার টিকা দেওয়ার সনদপত্রটির মাধ্যমে অবশ্যই প্রমাণ করতে হবে যে আপনি [আন্তর্জাতিক ভ্রমণের জন্য সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত](#) অস্ট্রেলিয়ার সংজ্ঞা পূরণ করেছেন।

আপনার টিকা গ্রহণের অবস্থা জানা এবং অস্ট্রেলিয়ায় আসা-যাওয়ার ক্ষেত্রে আপনার টিকা গ্রহণের সনদপত্রটি আপনার উপযুক্ততা যেন সমর্থন করে তা পরীক্ষা করার দায়িত্ব আপনার।

যদি টিকা গ্রহণের সনদপত্রে থাকা আপনার নাম আপনার পাসপোর্টের সাথে না মেলে

আপনি যদি অস্ট্রেলিয়ান পাসপোর্টধারী হয়ে থাকেন এবং আপনি আপনার নাম পরিবর্তন করে থাকেন, তবে কিভাবে নতুন পাসপোর্ট পাওয়া যাবে সে সম্পর্কিত তথ্য [অস্ট্রেলিয়ান পাসপোর্ট অফিসে](#) যোগাযোগ করার মাধ্যমে পাওয়া যাবে।

যদি আপনি অস্ট্রেলিয়ায় টিকা গ্রহণ করে থাকেন, কিন্তু আপনার টিকা গ্রহণের সনদপত্রে থাকা নামের তথ্যের সাথে আপনার পাসপোর্টে থাকা নামের অসঙ্গতির কারণে ICVC না পান, তবে আপনাকে [অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারের](#) সাথে যোগাযোগ করতে হবে।

যদি আপনি এমন কোনো বিদেশী টিকা গ্রহণের সনদপত্র নিয়ে ভ্রমণ করেন যেখানে থাকা আপনার নাম আপনার পাসপোর্টে থাকা নামের সাথে মেলে না, তবে আপনাকে আপনার নামের অন্য প্রমাণাদি থাকার বিষয়টিও নিশ্চিত করতে হবে, যেমন বৈবাহিক সনদ বা ড্রাইভিং লাইসেন্স।

শিশুদের জন্য বন্দোবস্ত

নীচের গ্রুপের শিশুরা টিকাপ্রাপ্ত যাত্রীদের মতো একই ব্যবস্থায় ভ্রমণ করতে পারবে:

- 12 বছরের কম বয়সী; বা
- 12 থেকে 17 বছর বয়সী এবং কমপক্ষে একজন প্রাপ্তবয়স্কের সাথে ভ্রমণ করছে যিনি সম্পূর্ণ টিকাপ্রাপ্ত

শিশুদের বয়সের প্রমাণ হিসেবেও পাসপোর্ট ব্যবহার করা হবে।

আপনি যদি টিকা দেয়া হয়নি বা আংশিকভাবে টিকা দেওয়া শিশুদের নিয়ে ভ্রমণ করা কোনো পরিবার হন তাহলে আপনি যে সকল স্টেট এবং টেরিটরিগুলোতে ট্রানজিট ও ভ্রমণের পরিকল্পনা করছেন আপনাকে সেগুলোর সকল কোয়ারেন্টিন বা সেলফ-আইসোলেশনের শর্তাবলী পরীক্ষা করে দেখতে হবে। আরও তথ্যের জন্য [স্টেট ও টেরিটরিতে প্রবেশের শর্তাবলী](#) দেখুন।

যদি স্বাস্থ্যগত কারণে আপনি টিকা গ্রহণে সক্ষম না হন

আপনাকে যদি স্বাস্থ্যগত কারণে টিকা দেওয়া না যায় তাহলে আপনাকে অবশ্যই প্রতিলক্ষণের গ্রহণযোগ্য প্রমাণ প্রদান করতে হবে।

আপনি গ্রহণযোগ্য প্রমাণ প্রদান করলে টিকাপ্রাপ্ত যাত্রীদের মতো একই ভ্রমণ ব্যবস্থার অধীনে আপনি ভ্রমণ করতে সক্ষম হবেন। ভ্রমণ করার আগে আপনাকে এয়ারলাইন কর্মীদের কাছে আপনার প্রমাণ দেখাতে হবে।

আপনি যে স্টেট বা টেরিটরিতে ট্রানজিট এবং ভ্রমণ করবেন সেখানকার শর্তাবলী, বিশেষ করে কোয়ারেন্টিন সম্পর্কিত শর্তাবলী দেখে নিতে হবে। দেখুন: [আগমনের ব্যাপারে স্টেট ও টেরিটরির শর্তাবলী](#)।

আপনাকে কোনো মেডিকেল প্রতিলক্ষণের কারণে টিকা দেয়া যাবে না তার প্রমাণ একটি ভ্রমণ অব্যাহতি থেকে আলাদা।

অস্ট্রেলিয়া ত্যাগের সময় আপনাকে চিকিৎসার কারণে টিকা দেওয়া যাবে না তার প্রমাণ

আপনি যদি অস্ট্রেলিয়া ত্যাগ করছেন এমন অস্ট্রেলিয়ান নাগরিক বা স্থায়ী নিবাসী হয়ে থাকেন, তবে আপনাকে প্রমাণ দেখাতে হবে যে, আপনি অস্ট্রেলিয়ায় আছে কোভিড-19-এর এমন সকল ভ্যাকসিনের জন্য আপনি অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টার (AIR)-এর কাছে চিকিৎসাগত প্রতিলক্ষণ সম্পর্কে অবহিত করেছেন। প্রমাণ হিসেবে আপনাকে [অস্ট্রেলিয়ান COVID-19 ডিজিটাল সনদপত্র](#) বা টিকা গ্রহণের ইতিহাসের বিবরণী প্রদান করতে হবে।

যদি AIR-এ কোনো সাময়িক চিকিৎসাগত প্রতিলক্ষণ রেকর্ড করা হয়ে থাকে, তবে কোভিড-19-এর ডিজিটাল সনদটি একটি 'মেয়াদোত্তীর্ণের তারিখ' প্রদর্শন করবে। এই সময়ের পরে, আপনাকে নিম্নলিখিত যেকোনো একটি কাজ করতে হবে:

- আপনি এখন কোভিড-19 এর টিকা নিতে পারবেন কি না তা ডাক্তারের কাছ থেকে জেনে নিতে হবে, অথবা
- আপনার চিকিৎসাগত প্রতিলক্ষণ এখনও বহাল থাকলে সে বিষয় AIR-এ হালনাগাদ করার জন্য আপনার ডাক্তারকে বলতে হবে।

শুধুমাত্র [সার্ভিসেস অস্ট্রেলিয়া](#) কর্তৃক নির্ধারিত উপযুক্ত স্বাস্থ্যগত পেশাদারগণই AIR-এ চিকিৎসা সংক্রান্ত প্রতিলক্ষণের রিপোর্ট করতে পারেন। আপনি যদি AIR-এ আপনার স্বাস্থ্যগত প্রতিলক্ষণ রিপোর্ট করার বিষয়টি দেখাতে সক্ষম না হন, তবে অস্ট্রেলিয়া ত্যাগ করার জন্য আপনাকে অব্যাহতির জন্য আবেদন করতে হবে।

আপনার চিকিৎসাগত প্রতিলক্ষণ AIR-এ তালিকাভুক্ত করা হয়েছে এমন গ্রহণযোগ্য প্রমাণ যদি আপনি প্রদান করতে না পারেন তাহলে আপনাকে [অস্ট্রেলিয়া ত্যাগ করার অব্যাহতির জন্য আবেদন করতে হবে](#)।

অস্ট্রেলিয়ায় প্রবেশের সময় আপনাকে স্বাস্থ্যগত কারণে টিকা দেওয়া যাবে না তার প্রমাণ

সম্পূর্ণ টিকাপ্রাপ্ত ভ্রমণকারীদের মতো একই ভ্রমণ ব্যবস্থার সুযোগ পেতে হলে আপনাকে অবশ্যই গ্রহণযোগ্য প্রমাণ প্রদান করতে হবে যে স্বাস্থ্যগত কারণে আপনাকে টিকা দেওয়া যাবে না।

যদি আপনি অস্ট্রেলিয়ায় আগমন করেন এবং অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে আপনার চিকিৎসাগত প্রতিলক্ষণ রেকর্ড করা থাকে তাহলে এয়ারলাইনের কর্মীর কাছে আপনি [অস্ট্রেলিয়ান](#)

[COVID-19 ডিজিটাল সার্টিফিকেট](#) প্রদান করতে পারবেন। অন্যথায়, আপনি আপনার টিকা গ্রহণের ইতিহাসের বিবরণী দেখাতে পারেন।

যদি আপনার রোগের প্রতিক্রিয়া AIR-এ তালিকাভুক্ত না থাকে, তবে আপনাকে এমন একটি ডাক্তারি সনদপত্র এয়ারলাইন স্টাফকে দেখাতে হবে, যেখানে উল্লেখ থাকবে যে, স্বাস্থ্যগত কারণে আপনি কোভিড-19 ভ্যাকসিন গ্রহণে অক্ষম। ডাক্তারি সনদপত্রটি অবশ্যই ইংরেজিতে হতে হবে এবং এতে নিম্নলিখিত তথ্য থাকতে হবে:

- আপনার নাম (এটি অবশ্যই আপনার ভ্রমণ শনাক্তকরণ নথিপত্রের তথ্যের অনুরূপ হতে হবে)
- ডাক্তারের সাথে পরামর্শের তারিখ এবং আপনার ডাক্তারের বিস্তারিত তথ্য
- যে স্বাস্থ্যগত সমস্যার কারণে আপনি কোভিড-19 ভ্যাকসিন নিতে সক্ষম নন সে বিষয়টির রূপরেখা দিয়ে বিস্তারিত তথ্য (টিকা গ্রহণের ফলে প্রতিক্রিয়া দেখা দেয়)।

মনে রাখবেন যে এই ক্যাটাগরিতে এমন ব্যক্তির অন্তর্ভুক্ত নয় যারা নন-টিজিএ-অনুমোদিত বা স্বীকৃত ভ্যাকসিন গ্রহণ করেছেন।

স্বাস্থ্য অধিদপ্তর পরামর্শ দেয় যে COVID-19-এর অতীত সংক্রমণকে COVID-19 টিকা দেওয়ার প্রতিক্রিয়া হিসেবে বিবেচনা করা হয় না।

আপনার চিকিৎসা স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইটে চিকিৎসার অবস্থা অর্থাৎ টিকা দেওয়ার প্রতিক্রিয়া সম্পর্কে তথ্য খুঁজে পাবেন। COVID-19 টিকার প্রতিক্রিয়া হিসেবে বিবেচিত নয় এবং অস্ট্রেলিয়া ভ্রমণের জন্য টিকা দেওয়ার ক্ষেত্রে চিকিৎসাগত অব্যাহতির উদ্দেশ্যে গৃহীত নয় এমন শর্তগুলোর তথ্যও ওয়েবসাইটটিতে রয়েছে। **দেখুন:** [COVID-19 ভ্যাকসিনের চিকিৎসাগত প্রতিক্রিয়ার প্রমাণ](#)।

আপনার প্রমাণ এই শর্তাবলী পূরণ করে তা নিশ্চিত করার দায়িত্ব আপনার। এয়ারলাইনগুলো চেক-ইন করার সময় আপনার সনদপত্র চাইবে।

আপনি যে [স্টেট বা টেরিটরিতে ট্রানজিট এবং ভ্রমণ করবেন](#) সেসব স্থানের সকল শর্তাবলী, বিশেষ করে কোয়ারেন্টিন ও আগমন পরবর্তী পরীক্ষা সম্পর্কিত শর্তাবলী দেখে নিতে হবে।

আপনি যখন অস্ট্রেলিয়ায় পৌঁছাবেন তখন আপনি যদি অন্য কোনো স্টেট বা টেরিটরিতে ভ্রমণ করতে চান, বা ভিন্ন কোনো স্টেট বা টেরিটরির মধ্য দিয়ে ভ্রমণ করতে চান, তবে আপনাকে [অভ্যন্তরীণ ভ্রমণ নিষেধাজ্ঞাগুলো](#) দেখে নিতে হবে। প্রতিটি স্টেট বা টেরিটরি তার নিজস্ব ভ্রমণ নিষেধাজ্ঞা আরোপ করতে পারে।

ভ্রমণ নিষেধাজ্ঞা এবং প্রয়োজনীয়তা মেনে চলা আপনার দায়িত্ব।

আপনি যদি গ্রহণযোগ্য চিকিৎসাগত প্রমাণ প্রদান করতে না পারেন তাহলে আপনাকে অস্ট্রেলিয়া ভ্রমণের [ভ্রমণ অব্যাহতি](#)-র জন্য আবেদন করতে হতে পারে।

COVID-19 পরীক্ষা করা

অস্ট্রেলিয়াতে প্রবেশ বা অস্ট্রেলিয়ার মাধ্যমে ট্রানজিট করার জন্য COVID-19-এর পরীক্ষার একটি নেগেটিভ ফলাফল প্রয়োজন।

আপনাকে অবশ্যই যেকোনো একটির প্রমাণ দিতে হবে

- আপনার ফ্লাইটের নির্ধারিত প্রস্থানের 3 দিনের মধ্যে করা COVID-19 পলিমারেজ চেইন রিঅ্যাকশন (PCR) বা অন্যান্য নিউক্লিক অ্যাসিড অ্যামপ্লিফিকেশন টেস্ট (NAAT) পরীক্ষার নেগেটিভ ফলাফল,
- আপনার ফ্লাইটের নির্ধারিত প্রস্থানের 24 ঘণ্টার মধ্যে ডাক্তারি তত্ত্বাবধানে নেওয়া নেগেটিভ র্যাপিড অ্যান্টিজেন টেস্ট (RAT)-এর প্রমাণ হিসেবে কোনো ডাক্তারি সনদপত্র যা চেক ইন করার সময় আপনার এয়ারলাইনকে অবশ্যই সরবরাহ করতে হবে।

এমনকি যদি আপনার ফ্লাইট বিলম্বিত হয়, তবুও আপনি প্রস্থানের পূর্বে পরীক্ষার প্রয়োজনীয়তা পূরণ করেছেন বলে বিবেচিত হবে। নতুন করে আপনার কোনো পরীক্ষা করতে হবে না।

তবে, আপনার ফ্লাইট যদি পুনরায় নির্ধারিত হয় বা বাতিল করা হয়, তাহলে আপনাকে পুনরায় নির্ধারিত ফ্লাইটের 3 দিনের মধ্যে নেওয়া COVID-19 PCR পরীক্ষার বা 24 ঘণ্টার মধ্যে করা RAT পরীক্ষার নেগেটিভ ফলাফলের প্রমাণ দিতে হবে।

আপনাকে যে প্রমাণগুলো প্রদান করতে হবে সে সম্পর্কিত তথ্য আপনি [ডিপার্টমেন্ট অব হেলথ ওয়েবসাইটে](#) পাবেন। এগুলোর মধ্যে রয়েছে:

- COVID-19 পরীক্ষার শর্তাবলী যেগুলোর মধ্যে রয়েছে
 - গ্রহণযোগ্য পরীক্ষা
 - প্রয়োজনীয় নির্দিষ্ট প্রমাণ
 - পরীক্ষার জন্য বর্ধিত সময়সীমাসহ দেশের তালিকা
 - প্রস্থানের পূর্বে পরীক্ষা করা থেকে অব্যাহতিপ্রাপ্ত দেশগুলোর একটি তালিকা
- COVID-19 থেকে সুস্থ হওয়ার পর যখন পরীক্ষায় ইতিবাচক ফলাফল আসে, তখন আপনার কী করা উচিত?

আপনি যে দেশে ট্রানজিট ও ভ্রমণ করছেন সেই দেশের পরীক্ষা ও টিকা দেওয়ার শর্তাবলী জেনে নেওয়ার দায়িত্ব আপনার।

পৌঁছানোর পরে অধিকাংশ স্টেট ও টেরিটরিতে আপনাকে একটি COVID-19 পরীক্ষাও করতে হবে। আরও তথ্যের জন্য [স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী](#) দেখুন।